



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

রাজশাহী পওর বিভাগ

বাপাউবো, সপুরা, রাজশাহী-৬২০৩।

টেলিফোনঃ ০২৫৮৮৮৬১৯৮৮

Website: www.bwdb.gov.bd; www.bwdb.rajshahi.gov.bd

E-mail: xen.rajshahi@gmail.com; xen.rajshahi@bwdb.gov.bd



“২০২২-২০২৩ অর্থবছরে তথ্য অধিকার বিষয়ে বার্ষিক প্রতিবেদন”

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা এর লক্ষ্যমাত্রা কার্যক্রম সক্ষমতা বৃদ্ধি [২.১]-এ সূচক [২.২.১] অনুসারে ১৫-১০-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ বিষয় সুনির্দিষ্ট রয়েছে।

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যেই তথ্য অধিকার আইন-২০০৯ প্রণীত হয়েছে। বাংলাদেশের যে কোন নাগরিক তথ্য অধিকার আইনের আওতায় কোন তথ্য পেতে চাইলে অত্র দপ্তরে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করতে হবে মর্মে প্রচারনা করা হয়েছে। অত্র দপ্তরের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিতভাবে 'ক' ফরমে বা নির্ধারিত ফরমেট ব্যবহার করে সাদা কাগজে আবেদন দাখিল করতে পারবেন মর্মে উল্লেখ করা হয়েছে। আবেদনপত্রটি সরাসরি অফিসে হাজির হয়ে দাখিল করা যেতে পারে অথবা রেজিস্টার্ড ডাকযোগে বা ইলেকট্রনিক মাধ্যম বা ই-মেইলের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা যেতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

জনগণের তথ্য অধিকার সংরক্ষণের জন্য সরকার একটি শক্তিশালী তথ্য কমিশনও গঠন করেছেন, যা জনগণের অধিকার নিশ্চিত করতে দৃঢ় প্রতিজ্ঞ। এরই ধারাবাহিকতায় তথ্য সেবা জনগণের দৌড়গড়ায় পৌঁছে দেওয়ার প্রয়াসে অত্র দপ্তরের ওয়েব সাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি বক্সে সকল তথ্যাদি সংরক্ষণ করা হয়েছে।

২০২২-২০২৩ অর্থবছরে তথ্য প্রাপ্তির নিমিত্ত মোঃ হাসানুজ্জামান, ২৪৩/১ মথুরাডাংগা, রাজশাহী, 'ক' ফরমে তথ্য প্রাপ্তির নিমিত্ত অত্র দপ্তরে ১(এক)টি আবেদন পত্র দাখিল করেছিলেন, যা অত্র দপ্তর কর্তৃক ৩১/১/২০২৩ খ্রিঃ তারিখ মোতাবেক গৃহীত হয় (কপি সংযুক্ত)। অত্র দপ্তর স্মারক নং-আই-৩/৫৪০ তারিখঃ ১৬/০২/২০২৩ খ্রিঃ মোতাবেক তাঁর চাহিত তথ্যাদি সরবরাহের নিমিত্ত সরকারী নিয়ম অনুযায়ী হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী'র বরাবর ২৮/০০ (আঠাশ) টাকা পে-অর্ডার/চালানের মাধ্যমে জমা দানের পর তাঁর চাহিত তথ্যাদি সরবরাহের জন্য পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। পরবর্তীতে উল্লেখিত ব্যক্তি চালান নং-১৮ তারিখঃ ০৯/০৩/২০২৩ খ্রিঃ মোতাবেক চালানের মাধ্যমে ২৮/০০ (আঠাশ) টাকা সরকারী কোষাগারে জমা প্রদানের পর (কপি সংযুক্ত) তাঁর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করা হয়।

(মোঃ আরিফুর রহমান অঙ্কুর)

নির্বাহী প্রকৌশলী

রাজশাহী পওর বিভাগ

বাপাউবো, রাজশাহী।

15.10.2023



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

রাজশাহী পণ্ডর বিভাগ
বাপাউবো, সপুৱা, রাজশাহী-৬২০৩।

টেলিফোনঃ ০২৫৮৮৮৬১৯৮৮

Website: www.bwdb.gov.bd; www.bwdb.rajshahi.gov.bd
E-mail: xen.rajshahi@gmail.com; xen.rajshahi@bwdb.gov.bd



তারিখঃ ১৬/০২/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- আই-৩/৫৪০

বরারব

জনাব মোঃ হাসানুজ্জামান

২৪৩/১, মধুরডাংগা, সপুৱা, রাজশাহী।

বিষয়ঃ তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে চাহিদাকৃত তথ্য প্রাপ্তির জন্য মূল্য পরিশোধ প্রসঙ্গে।


সূত্রঃ আপনার স্বাক্ষরিত তথ্য অধিকার আবেদনপত্র (ফরম-ক); তারিখঃ ২৮/০১/২০২৩ খ্রিঃ।

জনাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার প্রেরিত তথ্য প্রাপ্তির আবেদনপত্র (ফরম-ক) মারফত চাহিদাকৃত তথ্যাদি দ্রুত প্রেরণে অত্র দপ্তর বদ্ধপরিকর। কিন্তু প্রেরিত তথ্য প্রাপ্তির আবেদনপত্র (ফরম-ক) এর সাথে তথ্য অধিকার আইন-২০০৯ এর ৮ নং ধারার ৪ নং উপধারা অনুসারে চাহিদাকৃত তথ্যাদির জন্য নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে। তথ্য অধিকার (তথ্য প্রাপ্তির সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর “ফরম-ঘ” অনুসারে চাহিদাকৃত কম্পিউটার প্রিন্ট বিধায় তার কপি সরবরাহের জন্য ১৪ (চৌদ্দ) পৃষ্ঠা এর মূল্য (এ৪ সাইজ প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে) ২৮/- (আঠাশ) টাকা মাত্র হিসাব রক্ষণ কর্মাকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবরে পে-অর্ডার/পোস্টাল অর্ডার এর মাধ্যমে প্রেরণ করা হলে আপনার আবেদন সম্পূর্ণ বিবেচনা করে যথাসময়ে (তথ্য অধিকার আইন-২০০৯ এর ৯ নং ধারার ১ নং উপধারা) আপনার চাহিদাকৃত তথ্যাদি সরবরাহ করা হবে।

অতএব, আপনার চাহিদাকৃত তথ্যাদি দ্রুত সরবরাহের লক্ষ্যে বর্ধিত মূল্য পরিশোধ পূর্বক মূল্য পরিশোধ রশিদ অত্র দপ্তরে দাখিল করার অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ শফিকুল ইসলাম শেখ)

নির্বাহী প্রকৌশলী

আইডি নং- ৮৩০১০১০০৩।

তারিখঃ ১৬/০২/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-আই-৩/৫৪০/১(০৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

০১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

০৩। সচিব, বোর্ড সচিবালয়, ৭২ গ্রীন রোড, পানি ভবন, বাপাউবো, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী
রাজশাহী পণ্ডর বিভাগ
বাপাউবো, রাজশাহী।

